বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোন-৯৫৫০৪০৩, ই-মেইল dgmpid@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

পত্র নং-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি-৩(৭৯)/২০২০-২০২১/ ৮৪১ (১২৮০) তারিখঃ ০৫.১০.২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ পরিবেশ বান্ধব অর্থায়ন লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবরে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট এর এসএফডি সার্কুলার লেটার নং-০৫, তারিখঃ ০৯/০৯/২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উপরোক্ত পত্র মূলে সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক জারীকৃত সেপ্টেম্বর ০৪, ২০১৪ তারিখের জিবিসিএসআরডি সার্কুলার নং-০৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। উক্ত সার্কুলারে জানুয়ারী ২০১৬ হতে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য পরিবেশ বান্ধব অর্থায়ন লক্ষ্যমাত্রা তাদের বিতরণকৃত মোট ফান্ডেড ঋণ/বিনিয়োগের ৫% নির্ধারণ করা হয়েছিল।

০৩। এক্ষণে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে,

ক) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিবেশ বান্ধব অর্থায়নের অর্জন/অগ্রগতি পরিবীক্ষণের জন্য পরিবেশ বান্ধব অর্থায়নের হার নির্ণয়ে বিতরনকৃত মোট মেয়াদী ঋণ/বিনিয়োগ (কর্মচারী ঋণ ব্যতিত) ভিত্তি হিসেবে বিবেচিত হবে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানওয়ারী এ হার অন্যূন ৫% অর্জন নিশ্চিত করতে হবে।

খ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে চিহ্নিত/স্বীকৃত পরিবেশ বান্ধব পন্য/প্রকল্প/উদ্যোগে অর্থায়নের ক্ষেত্রে উক্ত হার বিবেচিত হবে।

গ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠনসমূহের গ্রিন ব্যাংকিং কার্যক্রমের অর্জন তাদের CAMELS রেটিং মূল্যায়নে বিবেচিত হবে।

০৪। এছাড়া, পরিবেশ বান্ধব অর্থায়ন সহযোগিতা বৃদ্ধি, পরামর্শ প্রদান এবং ত্বরান্বিত করার লক্ষ্যে সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের Potential সকল অফিস /শাখাসমূহে Dedicated Sustainable Finance Help Desk স্থাপন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। পরিবেশ বান্ধব অর্থায়ন লক্ষ্যমাত্রা অর্জনসহ গ্রিন ব্যাংকিং এর যাবতীয় কর্মকান্ড সম্পাদনের লক্ষ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রধান কার্যালয়ের ' সাসটেইনেবল ফাইন্যান্স ইউনিট' এর কর্মপরিধির আলোকে উক্ত Help Desk এর কর্মকান্ড পরিচালিত হবে।

০৫। ব্যাংক কোম্পানি আইন,১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হয়েছে যা অবিলম্বে কার্যকর হবে।

০৬। উল্লেখ্য বাংলাদেশ ব্যাংকের সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট এর এসএফডি সার্কুলার লেটার নং-০৩, তারিখঃ ১৬/০৩/২০১৭ মোতাবেক ৮ টি খাতের আওতায় নিম্নোক্ত ৫২ টি পরিবেশবান্ধব পন্য/উদ্যোগ এর জন্য পুনঃঅর্থায়ন স্কীম চালু রয়েছে। বিগত ২৮/১২/২০১৭ তারিখে বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংক এর মধ্যে উক্ত পুনঃঅর্থায়ন স্কীমের অংশগ্রহন চুক্তি সম্পাদিত হয়েছে যা অদ্যাবধি বলবৎ রয়েছে।

| খাত | উপখাত | পরিবেশবান্ধব পন্য/উদ্যোগ |
|---|---|---|
| ১। নবায়নযোগ্য জ্বালানি | সৌরশক্তি | ১. সোলার হোম সিস্টেম |
| | | ২. সোলার মাইক্রো/মিনি গ্রিড |
| | | ৩. সোলার ইরিগেশন পাম্পিং সিস্টেম |
| | | ৪. সোলার প্যাম্পের মাধ্যমে ভূ উপরিস্থ পানি উত্তোলন করতঃ পরিশোধনপূর্বক সরবরাহ প্লান্ট |
| | | ৫.সৌর ফটোভোল্টাইক সংযোজন প্লান্ট/শিল্প |
| | | ৬. ১(এক) মেগা ওয়াট ও তদর্ধ্ব ক্ষমতার সোলার পিভি (ফটোভোল্টাইক পাওয়ার) প্লান্ট |
| | | ৭. সোলার কুকার অ্যাসেম্বলি প্লান্ট |
| | | ৮. সোলার ওয়াটার হিটার অ্যাসেম্বলি প্লান্ট |
| | | ৯. সোলার এয়ার হিটার অ্যান্ড কুলিং সিস্টেম অ্যাসেম্বলি প্লান্ট |
| | | ১০. সৌর শক্তি চালিত কোল্ড স্টোরেজ |

| খাত | উপখাত | পরিবেশবান্ধব পন্য/উদ্যোগ |
|---|---|---|
| ১। নবায়নযোগ্য জ্বালানি | বায়োগ্যাস | ১১. বিদ্যমান গবাদি পশুর/পোল্ট্রি খামারে বায়োগ্যাস প্লান্ট স্থাপন |
| | | ১২.সমন্বিত গরুপালন ও বায়োগ্যাস প্লান্ট স্থাপন |
| | | ১৩. স্লারি হতে জৈব সার প্রস্তুতকরণ |
| | | ১৪. মাঝারি আকারের বায়োগ্যাস প্লান্ট |
| | | ১৫. বায়োমাস ভিত্তিক বৃহৎ আকারের বায়োগ্যাস প্লান্ট |
| | | ১৬. পোল্ট্রি ও ডেইরি ভিত্তিক বৃহৎ আকারের বায়োগ্যাস প্লান্ট |
| | বায়ুবিদ্যুৎ | ১৭. বায়ুশক্তি চালিত বিদ্যুৎ উৎপাদন প্লান্ট |
| | জলবিদ্যুৎ | ১৮. জলবিদ্যুৎ প্লান্ট (পিকো, মাইক্রো, মিনি) |
| ২। জ্বালানি দক্ষ/সাশ্রয়ী প্রযুক্তি | | ১৯. জ্বালানি অদক্ষ সামগ্রীসমূহকে জ্বালানি দক্ষ সামগ্রী (যেমন- জ্বালানি সাশ্রয়ী লাইটিং সিস্টেম, দক্ষ ইলেকট্রিক সামগ্রী, জ্বালানি দক্ষ বয়লার ইত্যাদি) দ্বারা প্রতিস্থাপন প্রকল্প |
| | | ২০. বিদ্যুৎ সাশ্রয়ের জন্য অটো সেন্সরযুক্ত পাওয়ার সুইচ অ্যাসেম্বলি প্লান্ট |
| | | ২১. জ্বালানি দক্ষ উন্নত কুক স্টোভ অ্যাসেম্বলি প্লান্ট |
| | | ২২. LED প্রযুক্তিসম্পন্ন বাল্ব উৎপাদন প্লান্ট |
| | | ২৩. LED বাল্ব/টিউব লাইট অ্যাসেম্বলি প্লান্ট |
| | | ২৪. সনাতন পদ্ধতির চুন চুল্লীগুলোকে উন্নত প্রযুক্তির চুল্লী দ্বারা প্রতিস্থাপন |
| | | ২৫. ওয়েস্ট হিট রিকভারি সিস্টেম |
| ৩। বিকল্প জ্বালানি | | ২৬. টায়ার হতে পাইরোলাইসিস প্রক্রিয়ায় দাহ্য তৈল উৎপাদন |
| ৪। বর্জ্য ব্যবস্থাপনা | তরল বর্জ্য ব্যবস্থাপনা | ২৭ বায়োলজিক্যাল ETP স্থাপন |
| | | ২৮. বায়োলজিক্যাল ও কেমিক্যাল এর সমন্বিত প্রযুক্তি সম্পন্ন ETP স্থাপন |
| | | ২৯. কেমিক্যাল ETP সমূহকে বায়োলজিক্যাল ও কেমিক্যাল এর সমন্বিত প্রযুক্তি সম্পন্ন ETP তে রূপান্তরকরণ |
| | | ৩০. কেমিক্যাল ETP |
| | | ৩১. সেন্ট্রাল এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট (CETP) |
| | | ৩২. বর্জ্য পানি প্রক্রিয়াজাতকরণ প্রকল্প |
| | | ৩৩. পয়ঃ নিষ্কাশিত তরল প্রক্রিয়াজাতকরণ প্রকল্প |
| | কঠিন বর্জ্য ব্যবস্থাপনা | ৩৪. পৌর বর্জ থেকে মিথেন রিকভারি ও তা থেকে বিদ্যুৎ উৎপাদন |
| | | ৩৫. পৌর বর্জ্য থেকে কম্পোস্ট (জৈব সার) উৎপাদন |
| | | ৩৬. ক্ষতিকর বর্জ্য ব্যবস্থাপনা |
| | | ৩৭. গাঁদ (Fecal Sludge) ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ |
| ৫। পুনঃপ্রক্রিয়াকরণ ও পুনঃপ্রক্রিয়াকরণ উপযোগী দ্রব্য প্রস্তুতকরণ | | ৩৮. PET বোতল পুনঃপ্রক্রিয়াজাতকরণ প্লান্ট |
| | | ৩৯. প্লাস্টিক জাতীয় বর্জ্য (পিভিসি, পিপি, এলডিপিই, এইচডিপিই, পিএস) পুনঃপ্রক্রিয়াকরণ প্লান্ট |
| | | ৪০. ব্যবহৃত কাগজ পুনঃপ্রক্রিয়াকরণ করতঃ কাগজ উৎপাদন প্লান্ট |
| | | ৪১.পুনঃপ্রক্রিয়াকরণ উপযোগী ব্যাগেজ প্রস্তুতকরণ (প্রাকৃতিক কাঁচামাল যেমন- বাঁশ ইত্যাদি হতে) |
| | | ৪২. পুনঃপ্রক্রিয়াকরণ উপযোগী নন-ওভেন পলিপ্রপাইলিন সুতা এবং ব্যাগেজ প্রস্তুত প্লান্ট |
| | | ৪৩. সৌর ব্যাটারি পুনঃপ্রক্রিয়াজাতকরণ প্লান্ট |
| | | ৪৪. ব্যবহৃত লেড এসিড ব্যাটারি পুনঃপ্রক্রিয়াজাতকরণ প্লান্ট |
| ৬। পরিবেশ বান্ধব ইট উৎপাদন | | ৪৫. কমপ্রেসড ব্লক ইট প্রস্তুতকরণ প্রকল্প |
| | | ৪৬. ফোম-কনক্রিট ব্লক প্রস্তুতকরণ প্রকল্প |
| | | ৪৭. ইট ভাটায় কার্বন নির্গমন হ্রাসের উদ্দেশ্য আধুনিক প্রযুক্তি সম্পন্ন ইট প্রস্তুতকরণ প্লান্ট (HKK-Hybirde Hoffiman Kiln/Tunnel Kiln) |
| ৭। পরিবেশ বান্ধব স্থাপনা | | ৪৮. গ্রিন ইন্ডাস্ট্রি স্থাপন |
| | | ৪৯. গ্রিন ফিচারিং বিল্ডিং |
| ৮। বিবিধ | | ৫০. কারখানার কর্মপরিবেশ এবং নিরাপত্তা নিশ্চিতকরণ প্রকল্প |
| | | ৫১. কেঁচো কম্পোস্ট সার (Vermicompost)উৎপাদন |
| | | ৫২. জ্বালানি সাশ্রয়ী/দক্ষ উপায়ে পাম অয়েল তেল উৎপাদন প্লান্ট |

শাখা কর্তৃক উপরোল্লেখিত পরিবেশবান্ধব প্রকল্পে বিনিয়োগ/অর্থায়নের তথ্য স্থানীয় মুখ্য কার্যালয়/বিভাগীয় কার্যালয়সমূহের মাধ্যমে নিম্নোক্ত "ছক-ক" এ মাসিক ভিত্তিতে আবশ্যিকভাবে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে যথাযথভাবে রিপোর্টিং এর জন্য ই-মেইল যোগে (dgmpid@krishibank.org.bd) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ছক-ক

বিষয়ঃ পরিবেশবান্ধব/গ্রীন ব্যাংকিং অর্থায়ন প্রতিবেদন।

| ক্রমিক নং | অঞ্চলের নাম | শাখার নাম | খাত | উপখাত | পরিবেশবান্ধব পন্য/উদ্যোগ | চলতি মাসে বিতরণ | | চলতি মাসে আদায় | | পুঞ্জিভূত ঋণ স্থিতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ |
| ১ | ২ | | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | | | | |

এছাড়া নিম্নোক্ত "ছক-খ" এ পরিবেশবান্ধব প্রকল্পে বিনিয়োগ/অর্থায়নের তথ্য নিয়মিত ভিত্তিতে সংগ্রহ ও সেন্ট্রাল ডাটা বেইজে অর্ন্তভুক্ত করার নিমিত্তে সাপ্তাহিক বিবরনীতে সংযুক্ত করার জন্য বিকেবি, প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

ছক-খ

বিষয়ঃ পরিবেশবান্ধব/গ্রীন ব্যাংকিং অর্থায়ন প্রতিবেদন।

| লক্ষ্যমাত্রা | জুলাই- ডিসেম্বর | | | | | | | জানুয়ারি-জুন | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | চলতি সপ্তাহে বিতরণ | | চলতি ষান্মাসে পুঞ্জিভূত বিতরণ | | পুঞ্জিভূত আদায় | ঋণ অনাদায়ী স্থিতি | | চলতি সপ্তাহে বিতরণ | | চলতি ষান্মাসে পুঞ্জিভূত বিতরণ | | পুঞ্জিভূত আদায় | ঋণ অনাদায়ী স্থিতি | |
| | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | | সংখ্যা | পরিমাণ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| শহর | | | | | | | | | | | | | | |
| গ্রাম | | | | | | | | | | | | | | |

০৭। বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট এর এসএফডি সার্কুলার লেটার নং-০৫, তারিখঃ ০৯/০৯/২০২০ অপর পৃষ্ঠায় হুবহু পুনঃমুদ্রণ করা হলো। এমতাবস্থায়, উক্ত সার্কুলারের নির্দেশনা এবং পরিবেশবান্ধব প্রকল্পে বিনিয়োগের Reporting ও Database এ তথ্য সংরক্ষনের নিমিত্ত চাহিত তথ্যাদি যথাসময়ে প্রেরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩) প্রক্রেবি-৩(৪১)/২০২০-২০২১/ ৮৪১(১২০০) তারিখঃ ০৫.১০.২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে প্রাইভেট জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

০৫/১০/২০২০

(মোঃ নাজমুল করিম চৌধুরী)
সহকারী মহাব্যবস্থাপক